



দুই সপ্তাহ পর খুলছে রিয়াদের বিমানবন্দর, হতিদের ফের হুঁশিয়ারি



ছবি: সংগৃহীত

প্রায় দুই সপ্তাহ বন্ধ থাকার পর রোববার (২৫ অক্টোবর) থেকে সৌদি আরবের রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে ফ্লাইট চলাচল শুরু হচ্ছে। তবে বিমানবন্দরটিকে সামরিক লক্ষ্যবস্তু উল্লেখ করে সেখানে হামলা চালানোর হুঁশিয়ারি দিয়েছে ইয়েমেনের হতি বিদ্রোহীরা।

বার্তা সংস্থা আনাদোলু জানায়, নতুন ব্যবস্থায় অভ্যন্তরীণ ফ্লাইট চলবে টার্মিনাল-১ দিয়ে। সৌদি বিমান সংস্থাগুলোর আন্তর্জাতিক ফ্লাইট পরিচালিত হবে টার্মিনাল-২ দিয়ে। যাত্রীদের বিমানবন্দরে যাওয়ার আগে নিজ নিজ বিমান সংস্থার সঙ্গে যোগাযোগ করে ফ্লাইটের অবস্থা নিশ্চিত করতে বলা হয়েছে।

এদিকে হতি সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি বিমানবন্দরটি ব্যবহার না করতে বিমান সংস্থা, কর্মী ও যাত্রীদের সতর্ক করেছেন। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, ফ্লাইট চালুর ঘোষণা আসার কয়েক ঘণ্টার মধ্যেই হতিরা এ সতর্কবার্তা দেয়।

গত ১০ অক্টোবর হতিদের হামলার পর বিমানবন্দরটির কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। ওই হামলায় ১৩ জন নিহত ও ৩০০ জনের বেশি আহত হন। পরে বন্ধ রাখার সময়সীমা আরও বাড়ানো হয়।

রয়টার্স জানায়, সৌদি আরবের বিমানবন্দর, সমুদ্রবন্দর ও তেল স্থাপনা লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়ে আসছে হতিরা। অন্যদিকে ইয়েমেনে হতিবিরোধী সরকারি বাহিনীকে সমর্থন দেওয়ার পাশাপাশি তাদের বিরুদ্ধে সামরিক তৎপরতা বাড়িয়েছে সৌদি আরব।